সংবাদ

তারিখ : 19 DEC 2005
পৃষ্ঠা : ২ কলাম : ৩

### ইউনেস্কোর রিপোর্ট

# বাংলাদেশে শিক্ষার মান নিম্নমুখী

নিজস্ব বার্তা পরিবেশক

ইউনেস্কোর গ্লোবাল মনিটরিং রিপোর্টের যৌথ সভায় বক্তারা বলেছেন, বাংলাদেশের শিক্ষার মান নিম্নমুখী, দেশকে এগিয়ে নিতে সাধারণ শিক্ষার পাশাপাশি প্রযুক্তিগত শিক্ষায় শিক্ষার্থীদের শিক্ষিত করে গড়ে তুলতে হবে। উন্নত বিশ্বের সঙ্গে টিকে থাকতে হলে প্রযুক্তিগত শিক্ষার বিকল্প নেই। শিক্ষাকে এগিয়ে নিতে সরকারের পাশাপাশি বেসরকারি সংগঠনগুলোকেও এগিয়ে আসতে হবে।

গতকাল রোববার বেসরকারি প্রতিষ্ঠান গণসাক্ষরতা অভিযান আয়োজিত শেরেবাংলা নগর এজিইডি মিলনায়তনে গ্লোবাল মনিটরিং প্রতিবেদন প্রকাশ অনুষ্ঠানে বক্তারা এ কথা বলেন।

অনুষ্ঠানে বেসরকারি সংগঠন ব্র্যাকের চেয়ারম্যান ফজলে হাসান আবেদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি ছিলেন ইউনেস্কোর বাংলাদেশ প্রতিনিধি ডব্লিউ ডলম্যান, গণসাক্ষরতা অভিযানের পরিচালক রাশেদা কে. চৌধুরী, ঢাকা আহ্ছানিয়া মিশনের উপনির্বাহী পরিচালক এহসানুর রহমান প্রমুখ। সভাপতিত্ব করেন এডুকেশন ওয়াচের চেয়ারপার্সন আ ন ম ইউসুফ।

বক্তারা বলেন, দেশে ছাত্রছাত্রীর তুলনায় শিক্ষকের সংখ্যা অনেক কম। যে কারণে শিক্ষার্থীরা সঠিক শিক্ষা থেকে বঞ্চিত হয়। আমাদের দেশে ৬০ জনে রয়েছে ১ জন শিক্ষক। দেশের প্রত্যন্ত অঞ্চলে নির্দিষ্ট টেবিল-চেয়ার না থাকায় অনেক শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীরা মাটিতে বসে পড়াশুনা করে। এ অবস্থা পরিবর্তনের জন্য সরকার প্রতিটি গ্রামে প্রাথমিক বিদ্যালয় স্থাপনসহ নানা রকম অবকাঠামোগত কাজ করছে, যা যথেষ্ট নয়। দেশের প্রাথমিক পর্যায়ের সব শিক্ষার্থীকে প্রাথমিক শিক্ষার আওতায় আনতে সরকারের পাশাপাশি বেসরকারি সংগঠনগুলোকেও এগিয়ে আসতে হবে।